

মাসের নাম আগস্ট

শনি	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ:	শুক্র
৩১					০১	০২
০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯
১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০

আপনার সুখ-দুঃখ শ্রেম ভালোবাসা

মেঘ



আপনার নিজের ভেতর এই মাসে কিছু সংশয় দেখা যাবে। এই সংশয়ই বলে দেবে যে, আপনার দৈনন্দিন জীবনে কিছু পরিবর্তন প্রয়োজন। একটু সময় নিয়ে চিন্তা করুন কেন আপনার মধ্যে অশান্তির সৃষ্টি হয়েছে। কর্মক্ষেত্রে ব্যস্ত থাকুন। স্বাস্থ্যের প্রতি যত্নবান হোন। অর্থ ও রোমাঙ্গ শুভ।

ককট



আপনার ভেতরে যে শক্তি ও আপনার কাজের প্রতি যে স্পৃহা তা প্রকাশ পাবে এই মাসে। নতুন উদ্যমে কাজ শুরু করুন। যে কাজ শুরু করেছিলেন তা শেষ করুন। নতুন কিছু করার সুযোগ এসেছে। আপনার সময়ের ব্যবহার করুন সম্পূর্ণভাবে। দূরের কোনো বন্ধুর সঙ্গে যোগাযোগ হবে। কর্মক্ষেত্রে অনেক উন্নতি হবে।

বৃষ



একাকিত্ব আপনাকে ঘিরে ধরবে। রাশিগত বৈশিষ্ট্যর কারণে আপনি স্বভাবতই ঠান্ডা ও শান্ত প্রকৃতির। বাইরে বের হোন। বন্ধু-বান্ধবদের সঙ্গে কোথাও ঘুরে আসুন, আপনার প্রিয় মানুষটির সঙ্গে সময় কাটানোর জন্য পরিকল্পনা করুন। কিছু প্রতিষ্ঠান বা অন্যান্য কর্মকাণ্ডের সঙ্গে জড়িত থাকুন। সাফল্যের দেখা পাবেন।

সিংহ



পুরনো স্মৃতি আপনাকে তাড়া করে বেড়াবে। নিজেকে অনেক বেশি সময় দিন। নিরিবিলি শান্ত পরিবেশে দু'দিন কাটিয়ে আসুন। আপনার সবচেয়ে কাছের মানুষটির সঙ্গে সময় কাটান। সে যেই হোক না কেন। শরীরের প্রতি যত্নবান হোন। কর্মক্ষেত্রে সতর্ক থাকবেন।

মিথুন



বিভিন্ন ধরনের কাজে পুরোপুরি ব্যস্ত থাকবেন। সামাজিক ও কর্মক্ষেত্রের বিভিন্ন কাজ আপনার সময়কে ঘিরে ফেলবে। আপনার অগ্রাধিকার নির্ধারণ করুন। কাকে সময় দেবেন, কেন দেবেন ঠিক করুন। প্রয়োজনে 'না' বলুন। প্রতিশ্রুতি ভাঙার চেয়ে প্রতিশ্রুতি না দেয়া ভালো। প্রিয়জনের প্রতি যত্নবান হোন। নিজের স্বাস্থ্যের দিকে খেয়াল করুন।

কন্যা



আপনি কি ব্যবহৃত হচ্ছেন? আবার চিন্তা করুন। কর্মক্ষেত্রে 'না' বলতে শিখুন। অতিরিক্ত পরিশ্রম করবেন না। আপনার সহকর্মীদের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সময় কাটান। আপনার দৃষ্টিভঙ্গি কাটিয়ে উঠবেন মাসের শেষের দিকে। যাত্রার সময় সতর্ক থাকবেন।

তুলা



আপনার আত্মবিশ্বাস বাড়বে এই মাসে। আপনার কাজের জন্য সামাজিকভাবে স্বীকৃতি পাবেন। আগস্ট মাসটি আপনার জন্য অনেক সাফল্য বয়ে নিয়ে আসতে পারে কিন্তু তার জন্য প্রয়োজন আপনার একাগ্রতা। আপনি সবদিক থেকেই অনেক স্বস্তি পাবেন। তবে আপনার অতিরিক্ত আত্মবিশ্বাস যেন আপনার ক্ষতি না করে সেদিকে খেয়াল রাখুন।

বৃশ্চিক




আপনাকে আপনার পরিবার স্বার্থপর ভাবতে পারে। তাই তাদের প্রতি যত্নবান হোন। অবসর সময় কাটান প্রিয়জনদের সঙ্গে। দ্বিধা বা সংশয় নিয়ে কোনো কাজ করবেন না। এতে আপনার ক্ষতি হতে পারে। ভেবেচিন্তে সিদ্ধান্ত নিন। রোমাস্ত শুভ। এ মাসে প্রেম-ভালোবাসা তুঙ্গে। অর্থনৈতিকভাবে কিছুটা উন্নতি হলেও

মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হবেন। স্বাস্থ্যের দিকে নজর দিন। অবসর সময়ে বিশ্রাম নিন।

জুলাই মাসে আপনার অবস্থা

রাশি	প্রেম	কর্মক্ষেত্র	স্বাস্থ্য	অর্থ
মেঘ	৬	৭	৫	৮
বৃষ	৯	৭	৮	৫
মিথুন	৮	৮	৩	৭
কর্কট	৫	৯	৪	৮
সিংহ	৩	৭	৫	৫
কন্যা	৭	৭	৮	৫
তুলা	৯	৯	৭	৮
বৃশ্চিক	৯	৮	৭	৮
ধনু	৩	৫	৭	৯
মকর	৪	৯	৭	৫
কুম্ভ	৭	৮	৭	৫
মীন	৮	৭	৭	৩

বি: দ্র: সংখ্যা বেশি হলে ভাল, কম হলে খারাপ।
এবার বুঝে নিন কোন্ ক্ষেত্রে মাস কেমন যাবে



ধনু



চূপচাপ না থেকে প্রতিবাদ করুন। এই মাসে আপনার গোপন দুঃখ বা তথ্যগুলোকে প্রকাশ করার সময় এসেছে। আপনি কারো ওপর অসন্তুষ্ট হলে তাকে বুঝিয়ে দিন। আলোচনার মাধ্যমে সমাধান করুন। মাঝামাঝি অবস্থানে না থেকে যে কোনো একটি দিক বেছে নিন। তাতে আপনি লাভবান হবেন।

মকর



আপনার প্রয়োজন কঠিন মানসিক শক্তি। মনের ভেতর এক ধরনের ভয় পাচ্ছেন তা কাটিয়ে উঠুন। এই মাস আপনার জন্য মোটামুটি ভালো যাবে। ভয় কাটিয়ে সামাজিক দিকগুলোকে নিয়ে এগিয়ে চলুন। আপনার ভয় বা সংশয়ের কারণ খুঁজে বের করুন। রোমাস্তের ব্যাপারে সাবধান থাকুন। কর্মক্ষেত্রে ভালো ফল লাভ করবেন।

কুম্ভ



অনেক পরিশ্রম করেছেন দুই মাস, এখন সময় শুধু বিশ্রামের। কাজের থেকে কয়েকদিনের ছুটি নিন। জরুরি কোনো কাজ হাতে থাকলে শেষ করে নেয়া ভালো। তবে ধীরে ধীরে এগোন। কোনো পরিশ্রম হয় এরূপ কাজ থেকে বিরত থাকাই ভালো হবে। ছবি দেখুন। বই পড়ুন। আর্থিক ব্যাপারে সতর্ক থাকুন।

মীন



যেসব কাজে আপনি খুব ভালো সেগুলো নিয়ে ব্যস্ত থাকুন। আপনার জীবনের লক্ষ্য নির্ধারণ করুন। যা করতে ভালোবাসেন সেটাকেই পেশা হিসেবে বেছে নিতে পারেন। কেউ বন্ধুত্বের হাত বাড়ালে গ্রহণ করুন। তবে আর্থিক ব্যাপারে সতর্ক থাকবেন। কিছুটা আর্থিক ক্ষতি হতে পারে।
রাশি বিশ্লেষণ : রাশেদ রায়হান